

মিডিয়া রিলিজ

সিঙ্গাপুরে বাংলাদেশিসহ প্রায় ৪৪০ জন অভিবাসী শ্রমিকের জন্য সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল (SPIL) এবং এএসিটি (AACT) যৌথভাবে ইফতারের আয়োজন করেছে



ছবি ক্যাপশন: সামিট গ্রুপ ও আঞ্জুমান এবং আজিজ চ্যারিটেবল ট্রাস্ট (AACT)-এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব মুহাম্মদ আজিজ খান পিবিএম (মাঝে), সিঙ্গাপুরে অবস্থানরত অভিবাসী কর্মীদের সাথে ইফতারে শরিক হন। যাদের একটি বড় অংশই বাংলাদেশি নাগরিক।

(সিঙ্গাপুর, ১২ই মার্চ ২০২৬, বৃহস্পতিবার): সিঙ্গাপুরে কর্মরত প্রায় ৪৪০ জন অভিবাসী শ্রমিক, যাদের বড় অংশই বাংলাদেশি, তাদের সম্মানে পবিত্র রমজান মাসে যৌথভাবে এক ইফতার মাহফিলের আয়োজন করেছে সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল লিমিটেড (SPIL) এবং আঞ্জুমান ও আজিজ চ্যারিটেবল ট্রাস্ট (AACT)।

ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন সামিট গ্রুপ ও আঞ্জুমান-আজিজ চ্যারিটেবল ট্রাস্টের (AACT) প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান পিবিএম (PBM)। তিনি এসময় স্পেস অ্যাট তুয়াসে ডরমিটরির বাসিন্দাদের সাথে সময় কাটান এবং শ্রমিকদের সাথে একত্রে ইফতারে অংশগ্রহণ করেন।

বাংলাদেশের বেসরকারি খাতের বৃহত্তম বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সিঙ্গাপুরভিত্তিক মূল কোম্পানি এসপিআইএল (SPIL)-এর পক্ষ থেকে সিঙ্গাপুরে এটি দ্বিতীয় ইফতার আয়োজন।

ইফতার আয়োজনের পাশাপাশি এসপিআইএল (SPIL) এবং এএসিটি (AACT) বাংলাদেশ ও সিঙ্গাপুরে দীর্ঘমেয়াদী সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডের সাথে যুক্ত।

ইফতার মাহফিলে অংশ নিয়ে মুহাম্মদ আজিজ খান বলেন, “সামাজিক দায়বদ্ধতা আমাদের ব্যবসায়িক ও ব্যক্তিগত জীবনের মূল ভিত্তি। সিঙ্গাপুরে কর্মরত অভিবাসী শ্রমিকদের জন্য এই ইফতারের আয়োজন করতে পারা আমাদের জন্য আনন্দের। এই শ্রমিকদের একটি বড় অংশই বাংলাদেশি এবং তারা রেমিট্যান্স পাঠানোর মাধ্যমে আমাদের অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রনায়ক।”

বাংলাদেশি বংশোদ্ভূত সিঙ্গাপুরের নাগরিক মুহাম্মদ আজিজ খান পিবিএম (PBM)-কে ২০২৩ সালের অক্টোবরে 'পাবলিক সার্ভিস মেডেল (কোভিড-১৯)' পদকে ভূষিত করা হয়। কোভিড-১৯ মহামারির সময়ে ডরমিটরিতে বিচ্ছিন্ন অবস্থায় থাকা বাংলাদেশি অভিবাসী শ্রমিকদের পাশে দাঁড়িয়ে বিশেষ অবদান রাখায় তাঁকে এই রাষ্ট্রীয় স্বীকৃতি দেওয়া হয়।

সামিট গ্রুপ সম্পর্কে:

সামিট গ্রুপ বাংলাদেশের বৃহত্তম অবকাঠামো খাতের শীর্ষস্থানীয় শিল্পগোষ্ঠী। বিদ্যুৎ, জ্বালানি, বন্দর, লজিস্টিকস এবং টেলিযোগাযোগ খাতে বিনিয়োগের মাধ্যমে এই গ্রুপে ৬,০০০-এরও বেশি মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল ২০১৬ সালে সিঙ্গাপুরে নিবন্ধিত দক্ষিণ এশিয়ার একটি শীর্ষস্থানীয় অবকাঠামো উন্নয়ন ও পরিচালনাকারী প্রতিষ্ঠান। জেরা (JERA), মিতসুবিশি কর্পোরেশন, তাইয়ো লাইফ ইন্স্যুরেন্স এবং জিই (GE) এই প্রতিষ্ঠানের অন্যতম কৌশলগত অংশীদার।

এই গ্রুপটি সশ্রমী ও টেকসই জ্বালানি সমাধান নিশ্চিত করার পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক উন্নয়নে করপোরেট সামাজিক দায়বদ্ধতামূলক কর্মকাণ্ডে (CSR) প্রতিশ্রুতিবদ্ধ। সম্প্রতি, দুর্গম চরাঞ্চলে টেকসই সৌরবিদ্যুৎ পৌঁছে দেওয়া এবং জ্বালানি সুবিধা, জীবনমান ও জলবায়ু সহনশীলতা উন্নয়নের স্বীকৃতিস্বরূপ সামিট গ্রুপকে “প্রজেক্টস অব ইমপ্যাক্ট” বিভাগে ‘রয়টার্স গ্লোবাল এনার্জি ট্রানজিশন অ্যাওয়ার্ড ২০২৪’-এ ভূষিত করা হয়।

আঞ্জুমান ও আজিজ চ্যারিটেবল ট্রাস্ট (AACT) সম্পর্কে:

মুহাম্মদ আজিজ খান এবং তাঁর স্ত্রী আঞ্জুমান আজিজ খান ২০২০ সালে প্রতিষ্ঠা করেন ‘আঞ্জুমান ও আজিজ চ্যারিটেবল ট্রাস্ট (AACT)’। এই ট্রাস্ট মূলত বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিশুদের মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে কাজ করে। ড. হ্যাম্প কেন্ডেল প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা ট্রাস্টি (Managing Trustee) হিসেবে দায়িত্বরত রয়েছেন।

মুহাম্মদ আজিজ খান পিবিএম (PBM) সম্পর্কে:

সামিট গ্রুপ অব কোম্পানিজের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান পিবিএম (PBM)। বাংলাদেশি বংশোদ্ভূত এই সিঙ্গাপুরের নাগরিকের নেতৃত্বে সামিট গ্রুপ বাংলাদেশের প্রথম বেসরকারি বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান থেকে একটি বহুমুখী অবকাঠামো শিল্পগোষ্ঠীতে পরিণত হয়েছে।

২০২৪ সালে জনাব মুহাম্মদ আজিজ খান ইউনিসেফ ইন্টারন্যাশনাল কাউন্সিলের (UNICEF International Council) চেয়ারম্যান হিসেবে নিয়োগ পান। শিক্ষা এবং শিশু কল্যাণে তাঁর দীর্ঘদিনের নিরবচ্ছিন্ন প্রতিশ্রুতির স্বীকৃতিস্বরূপ তাঁকে এই গুরুত্বপূর্ণ পদে আসীন করা হয়। এর আগে ২০২৩ সালে মহামারিকালীন অসামান্য

অবদানের জন্য সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর কার্যালয় তাঁকে ‘পাবলিক সার্ভিস মেডেল (কোভিড-১৯)’ এবং ‘পিঙ্গাত বক্তি মাসয়ারাকাত’ (Pingat Bakti Masyarakat - PBM) পদকে ভূষিত করে।

মুহাম্মদ আজিজ খান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেছেন এবং ২০১৬ থেকে ২০২৫ সাল পর্যন্ত বাংলাদেশে ফিনল্যান্ডের অনারারি কনসাল জেনারেল হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি সিরাজ খালেদ ট্রাস্ট এবং আঞ্জুমান ও আজিজ চ্যারিটেবল ট্রাস্টের (AACT) চেয়ারম্যান। এ ছাড়াও তিনি এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন (AUW) এবং প্রথম আলো ট্রাস্টের বোর্ড অফ ট্রাস্টিজের সদস্য হিসেবে যুক্ত আছেন।